

বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
খাকা।

সার্কুলার পত্র নং- বৈমুবি/বায়িং(নীতি)৭০২/১৩৩/২০০৩/১১৭০২

তারিখ : ৩০/১০/২০০৩ইং

১৫/০৭/১৪১০বাং

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**বিষয় : তৈরী পোষাক সেক্টরে কর্মরত বায়িং হাউজ/বায়িং এজেন্টসমূহকে নিয়ন্ত্রণ/মনিটর করার
নিমিত্তে বিজিএমইএ এর এসোসিয়েট সদস্যভুক্ত ও ইপিবিতে নিবন্ধনভুক্তকরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগের ১-১২-২০০২ তারিখের সার্কুলার পত্র নং-
বৈমুবি/বায়িং(নীতি)৭০২/১৩৩/২০০২/৮৩৪৬ এর ০২ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা এবং এর
অনুবৃত্তিক্রমে ৩১-১২-২০০২, ০১-০২-২০০৩, ১৩-০৩-২০০৩, ২৬-০৪-২০০৩, ১১-০৬-২০০৩
ও ০২-০৮-২০০৩ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং যাক্রমে বৈমুবি/বায়িং(নীতি)৭০২/১৩৩/
২০০২/৯৩৫৩, বৈমুবি/বায়িং(নীতি)৭০২/১৩৩/২০০৩/১৬২৫, ৩০৮৩, ৪৪২৪, ৬২৩৯ ও ৮৩১৩
এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

০২। সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৭১৫৬ অফ ২০০২ এর প্রেক্ষিতে
আলোচ্য বিষয়ে ইপিবি'র ২৫-১০-২০০৩ তারিখের পত্র নং রউব/বস্ত্র/বায়িং/মনিটর/৩০/১৮৫৭
আপনাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে পূর্ণমুদ্রণ (সংযোজিত পাতায়) করা হইল।

০৩। আলোচ্য বিষয়টি আপনাদের অনুমোদিত ডিলার শাখাসমূহকে অবহিত করিবার জন্য পরামর্শ
দেওয়া যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত

মোঃ আবদুর রহিম
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২৫০২৪

সংযোজনঃ ০১(এক)।

পুনর্মুদ্রিত

রপ্তানী উন্নয়ন ব্যুরো (বস্ত্রসেল)
EXPORT PROMOTION BUREAU (TEXTILE CELL)
111-113 Motijheel C/A. Dhaka-1000
TEL: PABX:9550045-48,
FAX:88-02-9559949
E-mail:epb.tic@pradshta.net

রপ্তানী বৃদ্ধি
জাতির সমৃদ্ধি

নং-রউব/বস্ত্র/বায়িং/মনিটর/৩০/১৮৫৭

তাং- ২৫/১০/২০০৩ ইং

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
খাকা ।

(দৃষ্টি আকর্ষণ : মোঃ আবদুর রহিম, উপ-মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ)

বিষয় : মেসার্স নিট এন্ড ওয়েভ ফ্যাশন লিঃ কর্তৃক সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন মহামান্য আদালতের স্থগিতাদেশ প্রাপ্তি বায়িং হাউজ/বায়িং এজেন্ট এর কার্যক্রম মনিটরিং এর জন্য ইপিবি কে নিবন্ধন প্রদান প্রসঙ্গে ।

**সূত্র : (১) মন্ত্রণালয়ের ১৯/০৮/০২ ইং তারিখের অনুমোদিত সারক নং-বাম/অবা-৬/এ-২/২০০২/৪৯৬
(২) বাংলাদেশ ব্যাংকের ০১/১২/২০০২ইং তারিখের সার্কুলার নং-বৈমুবি/বায়িং(নীতি)/৭০২/১৩৩/২০০২/৮৩৪৬**

মহোদয়,

উপরোক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বায়িং হাউজ/বায়িং এজেন্টের কার্যক্রম মনিটরিং এর জন্য যে নিবন্ধন প্রক্রিয়ার উপরে মহামান্য আদালত স্থগিতাদেশ দিয়েছিলেন, সেই স্থগিতাদেশ মহামান্য আদালত আরো ৪(চার) মাস বৃদ্ধি করেছেন ।

২। বর্ণিত অবস্থায়, রীট পিটিশন মামলায় মহামান্য আদালতের নির্দেশ অনুসারে বায়িং হাউজ/বায়িং এজেন্টগণের নিবন্ধন প্রদানের বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং-বৈমুবি/বায়িং(নীতি)/৭০২/১৩৩/২০০২/৮৩৪৬ তাং- ০১/১২/২০০২ইং এর কার্যকারীতা ২২/১০/০৩ইং কে পূরণায় আরো ৪(চার) মাসের জন্য অর্থাৎ ২২/০২/২০০৪ইং পর্যন্ত স্থগিত রাখার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা যাচ্ছে ।

আপনার অনুগত,

স্বাক্ষরিত

(জি, কে, এম, তৌফিক হাসান)
মহা-পরিচালক (বস্ত্র)
তাং- ২৫/১০/২০০৩ইং